

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারী ২৪, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৭ই ফাল্গুন, ১৪১০/১৯শে ফেব্রুয়ারী, ২০০৮

এস, আর, ও নং ৪৩-আইন/২০০৮।—যেহেতু সরকার পঞ্চগড় জেলার বোদা মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলভুক্ত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ কর্তনের প্রস্তাবসম্মিলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ বা আপত্তি আহবান করিবার জন্য পঞ্চগড় জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি হইতে নিম্নবর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত বোদা মিউনিসিপ্যালিটি হইতে নিম্নবর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৭৬৯)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(b) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার ২৪শে বৈশাখ, ১৪০৮ বাংলা মোতাবেক ৭ই মে, ২০০১ ইংরেজী তারিখের জারীকৃত অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১১৩-আইন/২০০১ এর তফসিল হইতে নিম্নবর্ণিত এলাকা বিলুপ্তক্রমে এতদ্বারা আগামী ১৮ই ফাল্গুন, ১৪১০ বাংলা মোতাবেক ১লা মার্চ, ২০০৪ ইংরেজী তারিখ হইতে (উক্ত তারিখসহ) বোদা মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিল ঃ—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নম্বর
১	২	৩	৪	৫
(১)	বলরাম	কুরুলিয়া	৬০	৩২০৬-৩২০৮, ৩২১০-৩২১৩, ৩২১৮- ৩৩২১, ৩৪৪৯-৩৮৫৭, ৪০৩৬, ৪০৩৭, ৪০৪৩, ৪০৪৮-৪০৫৭, ৪১১৯-৪১২৪, ৪১৩৫, ৪১৩৬, ৪১৩৯-৪১৯২।
(২)	বলরাম	সাতখামার	৬১	৪৫৫-৪৫৮, ৭৫৯, ৭৬৫-৭৬৭, ৭৬৯, ৭৭২, ৭৭৬-৭৭৮, ৭৮১, ৭৮৯-১৩৩২, ১৪৭০-১৪৭১, ১৪৭৩-১৫২৮, ১৫৪০, ১৫৫৬-৩৬৫৭।

রত্নপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।